# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

## সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. রুবিনার নানা তার ছোট খালার ছেলে মাহিরকে তার নানার ব্যবসা প্রতিষ্ঠানসহ সকল সম্পত্তির উত্তরাধিকার নিযুক্ত করেন। কিন্তু রবিনার মা ব্যবসা প্রতিষ্ঠানে কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মিলে মাহিরের বিরুদ্ধে ষড়যন্ত্র করে তাকে হত্যা করে। অন্যদিকে মাহিরের মৃত্যুর পর ব্যবসা প্রতিষ্ঠানসহ সমস্ত সম্পত্তি বহিরাগত তৃতীয় পক্ষের হাতে চলে যায়। ব্যবসা প্রতিষ্ঠানসহ সমস্ত সম্পত্তি পরিচালিত হতে শুরু করে বহিরাগত তৃতীয় পক্ষের দ্বারা।

ক. বঙ্গভঙ্গ কাকে বলে? ১
খ. চিরস্থায়ী বন্দোবস্ত কেন চালু করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে ইতিহাসের কোন ঘটনার মিল রয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের তৃতীয় পক্ষ বহিরাগত শাসন বলতে কাদের শাসন বোঝানো হয়েছে? আলোচনা করো। ৪

২. মুক্তিযুদ্ধের মাঝামাঝি সময়ে রহমতপুর গ্রামের নাছিম, হাবিবসহ আরো কিছু যুবক প্রশিক্ষণ নিয়ে সরাসরি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে। অন্যদিকে একই গ্রামের যুবক গোলাম মাওলা মুক্তিযুদ্ধের সময় প্রত্যন্ত অঞ্চলের পথ চিনিয়ে চিনিয়ে পাকিস্তানি বাহিনীকে সাহায্য করত।

ক. ব্রিগেড ফোর্স কাকে বলে? ১
খ. যৌথ বাহিনী গঠন করা হয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে উল্লেখিত নাছিম ও হাবিবের মত যুবকের মুক্তিযুদ্ধের সময় কোন বাহিনীর অধীনে যুদ্ধ করেছিল? বর্ণনা করো। ৩
ঘ. 'মুক্তিযুদ্ধের সময় গোলাম মাওলার মতো লোকেরা মুক্তিযুদ্ধে বিরোধিতা ও দেশবাসীর স্বার্থের সাথে বিশ্বাসঘাতকতা করেছিল'— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৩.

| শিল্প | | | | |
|---|---|---|---|---|
| ক | তালপাতার পুঁথি | নকশি কাঁথা | দুকুল | গম্বুজ ও খিলান |
| খ | বৈষ্ণব পদাবলি | অন্নদামঙ্গাল | লাইলি-মজনু | চর্যাপদ |

Teachingbd24.com

ক. টেরাকোটা কাকে বলে? ১
খ. কেন সংস্কৃতির পরিবর্তন ঘটেছে? ব্যাখ্যা করো। ২
গ. ছকের 'ক' তে বাংলার কোন শিল্পের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? বর্ণনা করো। ৩
ঘ. বাঙালি সংস্কৃতির বিকাশে 'খ' শিল্পের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৪.▶ লালমিয়া মধ্যপ্রাচ্যের একটি দেশে শ্রমিকের কাজ করে। প্রতি মাসে তার পরিবারকে সে বেশ কিছু টাকা পাঠায়। অন্যদিকে লালমিয়ার স্ত্রী ফরিদা তার পাঠানো টাকা থেকে বাড়ির পরিত্যক্ত জমিতে শাকসবজি চাষ করে এবং গাছ লাগিয়ে অর্থ উপার্জন করে পরিবারকে আরো বেশি স্বচ্ছলতা এনেছে।

ক. দেশজ উৎপাদন কাকে বলে? ১
খ. মাথাপিছু আয় নির্ণয়ের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. লালমিয়ার পাঠানো অর্থকে অর্থনীতির ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে ফরিদা যে খাতটি থেকে অর্থ উপার্জন করেছে তা 'বাংলাদেশের জাতীয় উৎপাদনে সর্বাধিক ভূমিকা পালন করছে'— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৫.▶




চিত্র-১

খাদ্যের নিরাপত্তা,
স্বাস্থ্য ও পুষ্টি, শিক্ষা
খাতে বিনিয়োগ,
কর্মসংস্থানের সুযোগ

চিত্র-২

ক. মানবসম্পদ উন্নয়ন কী? ১
খ. জাতীয় উৎপাদনের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. চিত্র— '১' এর কোন বিষয়টি নির্দেশ করছে? বর্ণনা করো। ৩
ঘ. চিত্রে— '২' এ উল্লিখিত বিষয়গুলো দিয়ে কী বোঝানো হয়েছে? আলোচনা করো। ৪

৬.▶ প্রেক্ষাপট—১: বহরামপুর এলাকায় ব্যবসা-বাণিজ্যের সুবিধা থাকায় ব্যবসায়ী জামিল সাহেবসহ আরো অনেকে এ এলাকাকে বসবাসের জন্য বেছে নেন।

প্রেক্ষাপট—২: উক্ত এলাকার পাশেই স্থানীয় ধনী ব্যক্তিরা অনেকগুলো সুন্দর ভবন তৈরি করেন। যার মধ্যে একটি বাড়িতে লোকশিল্প যাদুঘর তৈরি করা হয়েছে।

ক. প্রত্ন শব্দের অর্থ কী? ১

https://teachingbd24.com

খ. আন্টাঘর ময়দান নামটির সাথে কোন ইতিহাস জড়িত আছে? ব্যাখ্যা করো। ২
গ. বহরমপুর এলাকাটির সাথে উনিশ শতকের কোন এলাকার মিল রয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. প্রেক্ষাপট—২ এ কোন বাড়ির উল্লেখ রয়েছে? আলোচনা করো। ৪

৭. ▶ ছক-১

?
|
গণতন্ত্র ← রাষ্ট্রীয় মূলনীতি → সমাজতন্ত্র
|
ধর্মনিরপেক্ষতা

ছক-২

প্রজাতান্ত্রিক সরকার
|
গণতান্ত্রিক সরকার ← ? → সংসদীয় পদ্ধতি মন্ত্রীপরিষদ শাসিত
|
এককেন্দ্রিক

ক. যুক্তরাষ্ট্রীয় সরকার কাকে বলে?
খ. সংবিধানকে কেন রাষ্ট্র পরিচালনার দলিল বলা হয়? ব্যাখ্যা করো। ২
গ. ছকে—১ এ (?) প্রশ্নবোধক চিহ্নে কোন বিষয়টির ইঙ্গিত রয়েছে? আলোচনা করো। ৩
ঘ. ছক—২ এ বাংলাদেশের কোন ব্যবস্থার বৈশিষ্ট্য উল্লেখ রয়েছে? আলোচনা করো। ৪

৮. ★

| | |
|---|---|
| X | বিশুদ্ধ পানি সরবরাহ, পানি নিষ্কাশনের ব্যবস্থা করা, সুষ্ঠুভাবে ঘরবাড়ি নির্মাণের ব্যবস্থা করা, বিশিষ্ট অতিথিদের অভ্যর্থনা প্রদানের ব্যবস্থা করা। |
| Y | বিচার কাজ, প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা, এলাকার জমির খাজনা আদায়ের ব্যবস্থা। |

ক. স্থানীয় সরকার কাকে বলে? ১
খ. জনগণকে কেন রাষ্ট্রের মালিক মনে করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের X স্থানীয় সরকার কাঠামোর সাথে অন্য কোন স্থানীয় কাঠামোর কাজের মিল রয়েছে? আলোচনা করো। ৩
ঘ. Y স্থানীয় সরকার কাঠামোর গঠন প্রণালী বর্ণনা করো। ৪

৯. ▶ ঘটনা—১: হালিমা ৫নং বিপদ সংকেত শোনার সাথে সাথে পরিবারের সদস্যদের প্রয়োজনীয় জিনিস নিয়ে আশ্রয়কেন্দ্রে আশ্রয় নিল।

ঘটনা—২: রহিম মিয়া তার এলাকার প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় এলাকার লোকজনদের নিয়ে পুকুর ও খাল খনন করল। এছাড়াও যেখানে যেখানে সম্ভব বৃষ্টির পানি ধরে রাখল।

ক. বৈশ্বিক উষ্ণায়ন কাকে বলে? ১

Teachingbd24.com

খ. ভৌগলিক অবস্থান কেন বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগের কারণ? ব্যাখ্যা করো। ২

গ. হালিমার আশ্রয়কেন্দ্রে আশ্রয় নেওয়া দুর্যোগ মোকাবিলায় করণীয় কোন পর্যায়ের পদক্ষেপ? আলোচনা করো। ৩

ঘ. রহিম মিয়া কোন প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় পদক্ষেপ নিচ্ছে? উক্ত দুর্যোগ মোকাবিলায় আর কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে বলে তুমি মনে কর? পাঠ্যবইয়ের আলোকে আলোচনা করো। ৪

১০. ▶

| কার্যক্রম—১ | কার্যক্রম—২ |
|---|---|
| পরিবার পরিকল্পনা কর্মসূচি ও প্রজনন স্বাস্থ্যসেবা জোরদার, শিশু ও নারীর অপুষ্টির হার কমিয়ে আনা, প্রবীণ জনগোষ্ঠীর নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করা। | কর্মমুখী শিক্ষার প্রসার ও জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তোলা, প্রযুক্তি ও কারিগরি শিক্ষার প্রসার, কর্মসংস্থানের জন্য কৃষির আধুনিকীকরণ। |

ক. কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা কাকে বলে? ১

খ. এনজিওগুলো কীভাবে বাংলাদেশের জনসংখ্যা নিয়ন্ত্রণে ভূমিকা রাখছে? ব্যাখ্যা করো। ২

গ. কার্যক্রম—১নং দ্বারা কোন বিষয়টি বোঝানো হয়েছে? আলোচনা করো। ৩

ঘ. কার্যক্রম—২ এ উল্লিখিত কৌশলগুলো বাস্তবায়নের মাধ্যমে কী বাংলাদেশ কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারবে? তোমার মতামত যুক্তিসহকারে উল্লেখ করো। ৪

১১. ★ রাজা সকালবেলা দুইজন স্যারের বাসায় প্রাইভেট পড়ে তারপর ১১টায় স্কুলে যায়। বিকাল ৫টায় স্কুল থেকে ফিরে। সন্ধ্যায় আবার বাসার স্যারের কাছে পড়তে বসে। রাত ১০টায় বাবা-মা তাকে আবার পড়ান। শুক্রবার ও শনিবার ছুটির দিনগুলোতে কয়েক জায়গায় মডেল টেস্ট দিতে গিয়ে রাজা হাপিয়ে উঠেছে। তাকে টিভি দেখা বা খেলাধুলার কোন সুযোগ দেওয়া হয় না। তাই রাজা আজকাল স্কুল পালিয়ে প্রায়ই দোকানে ভিডিও গেম খেলা শুরু করে। এখানে যেখানে ঘুড়ে বেড়ায়। অন্যদিকে ফয়সাল বাবা-মায়ের অনুপস্থিতিতে খারাপ ছেলেদের সাথে মিশে সিগারেট, গাঁজা প্রভৃতি দ্রব্য সেবন করে।

ক. কিশোর অপরাধ কাকে বলে? ১

খ. মোবাইল ও ইন্টারনেটের অপব্যবহার কীভাবে কিশোর অপরাধের বিস্তার ঘটায়? ব্যাখ্যা করো। ২

গ. রাজার কিশোর অপরাধী হয়ে উঠার পেছনে কোন কারণটি দায়ী? বর্ণনা করো। ৩

ঘ. ফয়সালের মত ছেলেদের নিয়ন্ত্রণে কোন ধরনের আইন প্রয়োগ করা যেতে পারে? পাঠ্যবইয়ের আলোকে আলোচনা করো। ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. বাহাদুর শাহ পার্কটি নির্মিত হয় কত সালে?
ⓚ ১৭৫৭ ⓛ ১৮৫৭
ⓜ ১৯৫৭ ⓝ ১৯৬১

২. ২০১৫-১৬ অর্থবছরের এপ্রিল পর্যন্ত আমাদের দেশে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ কত মিলিয়ন মার্কিন ডলার ছিল?
ⓚ ১২২৪০ ⓛ ১২২৪৫
ⓜ ১২২৫০ ⓝ ১২২৫৫

৩. বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর হিসাব অনুযায়ী ২০১০ সালের মার্চ মাস পর্যন্ত বিদেশে বাংলাদেশের কত লাখ মানুষ কর্মরত ছিলেন?
ⓚ ৫৭ ⓛ ৫৯
ⓜ ৬১ ⓝ ৬৩

৪. বাংলাদেশের সংবিধানের সর্বশেষ সংশোধনী (ষোড়শ) গৃহীত হয় কোন তারিখে?
ⓚ ২০শে সেপ্টেম্বর, ২০১৪
ⓛ ২২শে সেপ্টেম্বর, ২০১৪
ⓜ ২৪শে সেপ্টেম্বর, ২০১৪
ⓝ ২৬শে সেপ্টেম্বর, ২০১৪

৫. বর্তমানে বাংলাদেশে কয়টি সিটি কর্পোরেশন রয়েছে?
ⓚ ৯ ⓛ ১০
ⓜ ১১ ⓝ ১২

৬. প্রায় প্রতি বছর আমাদের দেশে সাধারণত শতকরা কত ভাগ এলাকা বন্যার পানিতে প্লাবিত হয়?
ⓚ ১৫ ⓛ ২০
ⓜ ২৫ ⓝ ৩০

৭. ২০১১ সালে জাপানের উত্তর-পূর্ব এলাকায় সংঘটিত ভয়াবহ সুনামির আঘাতে কয়টি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়?
ⓚ পাঁচটি ⓛ সাতটি
ⓜ নয়টি ⓝ দশটি

৮. প্রতিবছর কোন তারিখে বাংলাদেশে 'জাতীয় জনসংখ্যা দিবস' পালিত হয়?
ⓚ ২রা ফেব্রুয়ারি ⓛ ৮ই মার্চ
ⓜ ৭ই এপ্রিল ⓝ ১লা মে

৯. আমেরিকা যুক্তরাষ্ট্রের মাথাপিছু আয় কত?
ⓚ ৫৫৮৩৫ মার্কিন ডলার
ⓛ ৫৫৮৩৬ মার্কিন ডলার
ⓜ ৫৫৮৩৭ মার্কিন ডলার
ⓝ ৫৫৮৩৮ মার্কিন ডলার

১০. জাপানে কিশোর অপরাধের বয়সসীমা কত?
ⓚ ৭-১৮ বছর ⓛ ৭-২০ বছর
ⓜ ৭-১৬ বছর ⓝ ১৪-২০ বছর

১১. বর্তমানে আমাদের দেশে এক ধরনের কিশোর অপরাধ দেখা যাচ্ছে। সেটি কী?
ⓚ ইভটিজিং ⓛ মাদক গ্রহণ
ⓜ ছিনতাই
ⓝ ইন্টারনেটের অপব্যবহার

১২. ইউরোপে যুগান্তকারী বাণিজ্য বিপ্লবের বৈশিষ্ট্য কোনটি?
ⓚ উন্নত প্রযুক্তির ব্যবহার
ⓛ নতুন দেশ জয়
ⓜ সমুদ্রপথে বাণিজ্যের বিস্তার
ⓝ যোগাযোগ ব্যবস্থার উন্নতি

১৩. বাণিজ্য বিস্তারের ফলে সৃষ্ট নতুন সুযোগ কাজে লাগানোর মতো উদ্দীপনা বাংলার মানুষের মধ্যে ছিল না কেন?
ⓚ উদাসীনতার কারণে
ⓛ দরিদ্রতার কারণে
ⓜ যথেষ্ট কারিগরি জ্ঞানের অভাবে
ⓝ বাংলার শাসকদের অভ্যন্তরীণ কোন্দলের কারণে

১৪. বাঙালিরা ইংরেজ শাসনের অধীনে থাকায় অনেক ইংরেজি শব্দ বাংলায় মিশে আছে। এটাকে কী বলে?
ⓚ সাংস্কৃতিক আত্তীকরণ
ⓛ সাংস্কৃতিক আদর্শ
ⓜ সাংস্কৃতিক ব্যাপ্তি
ⓝ সাংস্কৃতায়ন

১৫. দেশের কৃষি, শিল্প ও সেবাখাতে উৎপাদন ও আয় বৃদ্ধির মূল লক্ষ্য কোনটি?
ⓚ মোট দেশজ উৎপাদন বৃদ্ধি
ⓛ জনগণের মাথাপিছু আয় বৃদ্ধি
ⓜ মোট জাতীয় উৎপাদন বৃদ্ধি
ⓝ জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধি

১৬. আধুনিক বাংলা সাহিত্যের বিকাশে ভূমিকা রেখেছেন—
i. দীনবন্ধু মিত্র
ii. মীর মোশাররফ হোসেন
iii. রাজা রামমোহন রায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

১৭. ★ মোট জাতীয় উৎপাদনের (GNP) অন্তর্ভুক্ত হলো—
i. কৃষকের কৃষি উৎপাদন
ii. দেশে অবস্থানরত বিদেশিদের আয়
iii. রেমিটেন্স
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৮. আমাদের দেশের বিচার বিভাগ সংবিধান সংক্রান্ত যে সকল কাজ করে থাকে তা হলো—
i. সংবিধান প্রণয়ন
ii. সংবিধানের ব্যাখ্যা
iii. সংবিধান রক্ষা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. সমুদ্রের বিস্তৃত এলাকা জুড়ে প্রবল ঢেউয়ের সৃষ্টি হয়—
i. সমুদ্রের তলদেশে প্রচণ্ড ভূমিকম্পের ফলে
ii. অগ্ন্যুৎপাতের ফলে
iii. জোয়ার এলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্পের আওতায় যে সেবা প্রদান করা হয়, তা হলো—
i. পরিবার ছোট রাখার জন্য পরামর্শ প্রদান
ii. বিনামূল্যে জটিল রোগের চিকিৎসা প্রদান
iii. পুষ্টি শিক্ষা বিষয়ে সেবা প্রদান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. স্থানীয় পর্যায়ে মাদকাসক্তি প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে—
i. মসজিদ-মন্দির
ii. ক্লাব-সমিতি
iii. ক্রীড়া সংস্থা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
নাহিদ, রাইসা ও মোর্তজা ২০১৬ সালে বিদেশে যায় ভাগ্যের অন্বেষণে। সেখানে গিয়ে তারা অসংখ্য ভারতীয়কে তথ্য প্রযুক্তি ক্ষেত্রে কাজ করতে দেখে। নাহিদ ও রাইসা কাজ খুঁজে পেলেও কিছুদিনের মধ্যে মোর্তজা অদক্ষ শ্রমিক হিসেবে বাংলাদেশে ফিরে আসে।

২২. ★ মোর্তজাকে মানবসম্পদে পরিণত করতে প্রয়োজন—
(ক) শিক্ষা (খ) কর্মমুখী শিক্ষা
(গ) নৈতিক শিক্ষা (ঘ) ধর্মীয় শিক্ষা

২৩. কোন ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করলে মোর্তজার এ দুরবস্থার সৃষ্টি হতো না?
i. শিক্ষার উন্নয়ন
ii. প্রযুক্তির উন্নয়ন
iii. চিকিৎসার উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

২৪. রবার্ট ক্লাইভ বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করেন কত সালে?
(ক) ১৭৫০ (খ) ১৭৫৫
(গ) ১৭৬০ (ঘ) ১৭৬৫

২৫. ★ মুদ্রণযন্ত্র ও স্কুল টেকস্ট বোর্ড প্রতিষ্ঠা করেন কে?
(ক) রাজা রামমোহন রায়
(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) লর্ড উইলিয়াম বেন্টিংক
(ঘ) স্যার উইলিয়াম কেরি

২৬. আমাদের মুক্তিযুদ্ধের সময় কিশোরগঞ্জ কত নম্বর সেক্টরের অধীনে ছিল?
(ক) তিন (খ) সাত
(গ) নয় (ঘ) এগারো

২৭. অপারেশন সার্চলাইট অনুযায়ী ঢাকা শহরে গণহত্যার মূল দায়িত্ব দেওয়া হয় কাকে?
(ক) জেনারেল টিক্কা খান
(খ) জেনারেল নিয়াজি
(গ) মেজর জেনারেল খাদিম হোসেন রাজা
(ঘ) জেনারেল রাও ফরমান আলী

২৮. আমাদের দেশে বাংলা গদ্য সাহিত্যের সূচনা হয় কত শতকে?
(ক) সতের (খ) আঠারো
(গ) উনিশ (ঘ) বিশ

২৯. ★ আধুনিক বাংলা সাহিত্যের ভিত গড়েছেন কে?
(ক) ড. মুহাম্মদ শহীদুল্লাহ
(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর
(ঘ) বঙ্কিমচন্দ্র

৩০. পানামনগরে এখনো কতটি ইমারত টিকে আছে?
(ক) ৫০ (খ) ৫২
(গ) ৫৪ (ঘ) ৫৬

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd24.com